দৈনিক খবর

59

তারিখ 07 NOV 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# নকল করার দায়ে প্রধান শিক্ষিকা বহিষ্কার

রংপুর থেকে নিজস্ব প্রতিনিধি জানান, শহরের একটি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নিজেই আইন পরীক্ষা দিতে এসে নকল করার সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের হাতে ধরা পড়েছেন এবং তাকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। ঘটনাটি ঘটেছে গত বৃহস্পতিবার রংপুর সরকারী কলেজে। জানা গেছে, স্থানীয় রবার্টসনগঞ্জ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মাহমুদা বেগম এবং তার কন্যা কাকলী দু'জনেই রংপুর আইন মহাবিদ্যালয় থেকে আইন পরীক্ষায় অংশ নেন। রংপুর সরকারী কলেজ কেন্দ্রে পরীক্ষা দেয়ার সময় মাহমুদা বেগমকে ম্যাজিস্ট্রেট নকলসহ হাতেনাতে ধরে ফেললেন এবং বহিষ্কার করেন। প্রধান শিক্ষিকার নকল করার এবং তাকে বহিষ্কারের ঘটনায় রংপুর শহরে দারুণ আলোড়ন সৃষ্টি হয়েছে।